

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ/০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১২/২৪০১/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219(1), THIRD SCHEDULE এর Item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার বিধি ১১ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :-

“(১) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৪৫ (পঁয়তালিশ) কার্যদিবস পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কাস্টম হাউসের ক্ষেত্রে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা এবং ল্যান্ড কাস্টমস্ স্টেশনের ক্ষেত্রে ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা নবায়ন ফি পরিশোধ করিয়া লাইসেন্সিকে লাইসেন্স নবায়নের জন্য নিম্নবর্ণিত দলিলাদিসহ আবেদন করিতে হইবে, যথা :-

- (ক) ম—ল লাইসেন্সের কপি;
- (খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;
- (গ) হালনাগাদ আয়কর সনদের কপি;
- (ঘ) প—বের মেয়াদের পারফরমেন্স সনদের কপি;
- (ঙ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত ম—সক চালানের কপি;
- (চ) নবায়ন ফি ও উহার উপর প্রযোজ্য ম—সক পরিশোধের চালানের কপি; এবং
- (ছ) স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট সিএন্ডএফ এসোসিয়েশন এর সদস্যভুক্তির সনদপত্র।”।

০২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১২ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(এ এফ এম আবদুল-াহ খান)

প্রথম সচিব (শুল্কঃ নীতি ও বাজেট)।